**বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM)**
BIGM-SICIP প্রকল্প
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে SICIP প্রকল্পের আওতায় BIGM-কর্তৃক আয়োজিত 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত ৩ (তিন) সপ্তাহ মেয়াদী 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচ (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) **আগামী ৪ এপ্রিল ২০২৬ তারিখ** হতে BIGM, ই-৩৩, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে আরম্ভ হবে।

২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

| | |
|---|---|
| (ক) | উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কমকর্তাগণ (যাদের বয়স ৩০ হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন; |
| (খ) | "Strategic Management" কোর্সের প্রত্যেক ব্যাচে BIGM -এ অনুষ্ঠিত Policy Analysis, Rise to Lead: Developing Future Leaders এবং Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সের মধ্য হতে যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারী সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন। |
| (গ) | কোর্সটি সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। |
| (ঘ) | প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা বাবদ ৬০০ টাকা প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা করা হবে। |
| (ঙ) | মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন ৩ সপ্তাহ BIGM-এ সংযুক্ত থাকবেন। |

৩। আগ্রহী কর্মকর্তাগণকে **আগামী ৩ মার্চ ২০২৬ তারিখের** মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **পরিচালক, বিআইজিএম**, আগারগাঁও, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। কোর্স সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্সের ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর জনাব দেবাশীস দাস, মোবাইল নং ০১৯৩২৬৯৮৪৭২ এর সাথে যোগাযোগ করা যাবে।

২৫/০২/২০২৬
(বণিক গৌর সুন্দর)
প্রোগ্রাম ডিরেক্টর
BIGM-SICIP
ই-মেইলঃ banik.gour@bigm.edu.bd

বরাবর

পরিচালক
বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM)
আগারগাঁও, ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণঃ প্রোগ্রাম ডিরেক্টর, BIGM-SICIP।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: **Strategic Management** প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) অংশগ্রহণের আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্য সদয় অবগতির জন্য পেশ করলাম:

| | | | |
|---|---|---|---|
| ১। | নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | : | |
| ২। | জন্ম তারিখ | : | |
| ৩। | বয়স (৪ এপ্রিল ২০২৬) | : | |
| ৪। | চাকরিতে যোগদানের তারিখ | : | |
| ৫। | ক্যাডারের নাম ও ব্যাচ | : | |
| ৬। | সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ | : | |
| ৭। | BIGM -এ অনুষ্ঠিত Policy Analysis/ Rise to Lead: Developing Future Leaders/ Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সে অংশগ্রহণ করেছেন কিনা? অংশগ্রহণ করলে কোর্সের নাম ও ব্যাচ | : | |
| ৮। | মোবাইল নম্বর | : | |
| ৯। | ই-মেইল | : | |

এমতাবস্থায়, আমাকে উক্ত কোর্সে অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ